

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 30-06-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন দেশের তরুণ প্রজন্মকে পাশে নিয়ে কাজ করলে এক ভারত শ্রেষ্ঠ ভারত গড়ে তোলার স্বপ্ন বাস্তবায়িত করা সম্ভব।
- (২) রাজ্যে পক্ষকালব্যাপী ধরতী আবা জনভাগিনী অভিযান আজ শেষ হয়েছে।
- (৩) রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু বলেছেন যে পশ্চিকৎসা ও যঙ্গের ক্ষেত্রেও প্রযুক্তির সাহায্যে বিপ্লবী পরিবর্তন আনা সম্ভব।
- (৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ত্রিপুরা পুলিশ জয়লাভ করেছে।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন দেশের তরুণ প্রজন্মকে পাশে নিয়ে কাজ করলে এক ভারত শ্রেষ্ঠ ভারত গড়ে তোলার স্বপ্নকে বাস্তবায়িত করা সম্ভব। আজ আগরতলার মুক্তধারাতে ত্রিপুরা প্রদেশ বিজেপি মহিলা মোচা আয়োজিত মক পার্লামেন্ট অনূর্ধানে তিনি একথা বলেন। তিনি বলেন, মক পার্লামেন্ট হচ্ছে দেশের তরুণ প্রজন্মকে ইতিহাস সম্পর্কে অবগত করার একটি অভিনব উদ্যোগ। এই অনূর্ধানের মূল উদ্দেশ্য হচ্ছে আগামীদিনে যারা রাজনৈতিক জীবনে প্রবেশ করবেন তাদের জন্মের অবস্থার কালোদিন সম্পর্কে জানানো এবং গণতন্ত্রকে কিভাবে সুরক্ষিত রাখা যায় সে বিষয়ে প্রশিক্ষিত করা। পাশাপাশি যারা সেই সময় গণতন্ত্র ও সংবিধান বাঁচাতে

গিয়ে নির্মাতিত হয়েছিলেন তাঁদের প্রতি শুন্দা জ্ঞাপন করা। মুখ্যমন্ত্রী বলেন জন্মরি অবস্থা কেবল একটি রাজনৈতিক ভুল ছিল না বরং সাধারণ নাগরিক, সংবাদমাধ্যম, ছাত্র এবং রাজনৈতিক নেতাদের অধিকারের উপর এক নৃশংস আক্রমণ ছিল। মুখ্যমন্ত্রী তরুণ প্রজন্মকে গণতান্ত্রিক মূল্যবোধ বিকৃত বা দমন করার যেকোনো প্রচেষ্টার বিরুদ্ধে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন।

Byte-CM# # #

অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন ভবিষ্যতে গণতন্ত্র ও সংবিধানকে সুরক্ষিত রাখতে এই অনুষ্ঠান পথ প্রদর্শক হবে। বিজেপি রাজ্য সভাপতি তথা সংসদ রাজীব ভট্টাচার্য বলেন ৭৫ এর এই জন্মরি অবস্থা গণতন্ত্রকে কালিমা লিপ্ত করেছিল। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিজেপি প্রদেশ কমিটির সাধারণ সম্পাদক ভগবান চন্দ্র দাস ও বিজেপি প্রদেশ মহিলা মোচার সভানেত্রী মিমি মজুমদার প্রমুখ।

* * * * * * * * * * * *

Dharti Aaba Janabhidari Abhiyan-State :

রাজ্যে পক্ষকালব্যাপী ধরতী আবা জনভাগিদারী অভিযান আজ শেষ হয়েছে। এই অভিযানের মাধ্যমে রাজ্যের প্রতিটি জনজাতি অধ্যুষিত গ্রামে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা সরকারী ২০টি দপ্তরের মাধ্যমে সুবিধাভোগীদের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হয়।

* * * * * * * * * * * *

Dharti Aaba Janabhidari Abhiyan-Unokoti :

কারামন্ত্রী শান্তনা চাকমা আজ কৈলাশহরের গোলকপুর স্কুল মাঠে "ধরতি আবা জনভাগীদারী অভিযান", উপলক্ষ্যে এক শিবিরের উদ্বোধন করেন। বক্তব্য রাখেন, শ্রমমন্ত্রী টিংকু রায়, উনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ধ্য সাহা, চট্টগ্রাম পুর ব্লকের B.D.O দেবপ্রিয়া দাস প্রমুখ। শিবিরে সরকারী বিভিন্ন দপ্তরের স্টল থেকে সুবিধাভোগীদের মধ্যে নানা পরিষেবা

প্রদান করা হয়। আশি বছর উর্ধ্ব প্রবীণ নাগরিকদের কল্যাণে "প্রত্যাশা" কর্মসূচীরও সূচনা হয় এই শিবিরে।

* * * * *

Dharti Aaba Janabhagidari Abhiyan-Khowai :

খোয়াই জেলাতেও আজ ধরতি আবা জনভাগিদারি অভিযানের শেষ দিনে পদ্মবিল আর ডি ব্লকে এক শিবিরের আয়োজন করা হয়। উপস্থিতি ছিলেন বিধায়ক রঞ্জিঃ দেববর্মা, বি.এ.সি চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা, ব্লকের বিডিও অমিত কুমার জমাতিয়া। শিবিরে প্রত্যন্ত অঞ্চলের জনজাতিদের সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করা হয়।

* * * * *

Emergency 50 Years :

৫০ বছর আগে সেদিন সরকারের জরুরি অবস্থার সিদ্ধান্ত নিয়ে গোটা দেশে ক্ষেত্র ও চরম আতঙ্কের পরিসর তৈরী হয়েছিল। গণতান্ত্রিক ব্যবস্থাপনা এবং সাংবিধানিক সংস্থানকে কাজে লাগিয়ে একনায়কতন্ত্রের মাত্রায় দাপটে দিশেহারা ছিল গোটা দেশ। একটি প্রতিবেদন।

#

* * * * *

33 KV sub station :

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ রাণীর বাজারে বিদ্যুৎ নিগমের ৩৩ কেভি সাব-স্টেশনের উদ্ঘোষণ করেছেন। NER Power System Improvement Project-এর আওতায় ১০ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয়ে এই সাব স্টেশন নির্মাণ করা হয়েছে। বিদ্যুৎ মন্ত্রী বলেন, রান্নিরবাজারের সাব স্টেশন থেকে ১২ হাজারের বেশি গ্রাহক উন্নত বিদ্যুৎ পরিষেবা পাবেন। অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী ভাষণে বলেন, রাজ্য সরকার নিরবিচ্ছিন্ন ও উন্নত বিদ্যুৎ পরিষেবা প্রদানে বদ্ধপরিকর।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডিলিউ. ডিলিউ. ডিলিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

President :

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু বলেছেন যে অন্যান্য ক্ষেত্রের মতো পশ্চিকিংসা ও যঙ্গের ক্ষেত্রেও প্রযুক্তির সাহায্যে পরিবর্তন আনার সম্ভাবনা রয়েছে। আজ সকালে উত্তর প্রদেশের বেরেলিতে ভারতীয় পশ্চ গবেষণা প্রতিষ্ঠানের একাদশতম সমাবর্তনে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন যে প্রযুক্তির ব্যবহার সারা দেশের পশ্চিকিংসা হাসপাতালগুলিকে ক্ষমতায়িত করতে পারে।

রাষ্ট্রপতি আইভিআরআই এর মতো প্রতিষ্ঠানগুলিকে পশ্চদের জন্য দেশীয় ও কম খরচের চিকিৎসা এবং পুষ্টি ব্যবস্থা অন্বেষণ করার আহ্বান জানান। তিনি বলেন যে আজ, বিশ্বজুড়ে স্বাস্থ্যের ধারণাটি গুরুত্ব পাচ্ছে। এর অর্থ হলো, মানুষ, গৃহপালিত ও বন্য প্রাণী, উদ্ভিদ এবং আমাদের পরিবেশ সবকিছুই পরম্পর নির্ভরশীল।

Byte-President

অনুষ্ঠানে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন যে এই প্রতিষ্ঠানটি গবেষণা এবং রোগ নির্ণয়ের মাধ্যমে বিশ্বকে দিকনির্দেশনা দিয়েছে।

উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেছেন যে এই প্রতিষ্ঠানটি কেবল পশু স্বাস্থ্যের ক্ষেত্রেই নয়, কোভিড-19 সময়কালে এই প্রতিষ্ঠানটি ২ লক্ষেরও বেশি পরীক্ষা চালিয়েছে।

রাষ্ট্রপতি আজ গোরক্ষপুরের এইসমের উদ্বোধনী সমাবর্তনে যোগ দেন। আগামীকাল সকালে রাষ্ট্রপতি উত্তর প্রদেশের প্রথম মহাযোগী গুরু গোরক্ষনাথ আয়ুষ বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন সহ অন্যান্য অনুষ্ঠানে যোগ দেবেন।

* * * * *

Telengana blast :

তেলেঙ্গানায়, সাঞ্জারেডি জেলার একটি ফার্ম কোম্পানিতে বিস্ফোরণে ১২ জন শ্রমিক নিহত এবং ২৬ জনেরও বেশি আহত হয়েছেন। এনডিআরএফ, রাজ্য দুর্যোগ মোকাবেলা দল এবং অন্যান্যরা উদ্বার অভিযানে নামে। রাজ্যের শ্রমমন্ত্রী বিবেক ভেঙ্কটস্বামী, ঘটনাস্থল পরিদর্শন করে বলেছেন যে বিস্ফোরণের কারণ এখনও জানা যায়নি। এদিকে, মুখ্যমন্ত্রী রেবতী রেড্ডি আহতদের উন্নত চিকিৎসা সহায়তা প্রদানের জন্য কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন। কেন্দ্রীয় কয়লামন্ত্রী জি কিষাণ রেড্ডি বলেছেন যে কেন্দ্রীয় সংস্থাগুলি উদ্বার অভিযানে সমস্ত পরিষেবা প্রদান করবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অগ্নিকাণ্ডে যারা তাদের প্রিয়জনদের হারিয়েছেন তাদের প্রতি সমবেদনা জানিয়েছেন। তিনি প্রধানমন্ত্রীর জাতীয় গ্রান তহবিল থেকে প্রত্যেক নিহতের নিকটাঞ্চীয়কে ২ লক্ষ টাকা এবং দুর্ঘটনায় আহতদের জন্য ৫০ হাজার টাকা অনুদান ঘোষণা করেছেন।

* * * * *

Train Service Normal :

পাহাড় লাইনে ট্রেন চলাচল আজ থেকে স্বাভাবিক হয়েছে। এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঙ্গল কিশোর শর্মা এথবর জানিয়েছেন। উল্লেখ করা যেতে পারে, গত ২৩শে জুন প্রবল বৃষ্টিতে পাহাড় লাইনের জাটিঙ্গা-লামপুর সেকশনে রেললাইনের উপর মাটি পাথরের ধ্বস পড়ায় এই রুটে এক সপ্তাহ ট্রেন চলাচল বন্ধ ছিল।

* * * * *

Korbook Sub Tresary :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ করবুকের নব নির্মিত সাব ট্রেজারি অফিসের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে করবুক এস ডি এম অফিস কমপ্লেক্সে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাপতিপ্রতি দেবল দেবরায়, বিধায়ক রাজ্যিত দাস ও সঞ্চয় মানিক ত্রিপুরা প্রমুখ।

* * * * *

Amit Shah :

কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ আজ নতুন দিল্লিতে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সমবায় মন্ত্রীদের মন্তব্য বৈঠকে সভাপতিষ্ঠ করেন। মন্তব্য বৈঠকের প্রাথমিক লক্ষ্য হল মন্ত্রকের উদ্যোগ এবং পরিকল্পনাগুলির বিস্তৃত পর্যালোচনা, অগ্রগতি মূল্যায়ন করা, অভিজ্ঞতা বিনিময়, সর্বোত্তম অনুশীলন এবং রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির গঠনমূলক পরামর্শ গ্রহণ করা। বৈঠকে দুই লক্ষ নতুন বহুমুখী প্রাথমিক কৃষি ঋণ সমিতি প্রতিষ্ঠা এবং দুর্ঘাত ও মৎস্য সমবায় সমিতি প্রতিষ্ঠা বিষয়ে আলোচনা করা হয়। খাদ্য নিরাপত্তা বৃদ্ধি এবং কৃষকদের ক্ষমতায়নের লক্ষ্যে সমবায় ক্ষেত্রে বিশ্বের বৃহত্তম শস্য সংরক্ষণ প্রকল্প নিয়েও আলোচনা হয়।

* * * * *

International Day Against Drug Abuse :

আন্তর্জাতিক মাদকদ্রব্য অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী দিবস উপলক্ষে দক্ষিণ জেলাভিত্তিক অনুষ্ঠান আজ সাক্ষমের শাকবাড়ির দক্ষিণ হিচাহড়া হাইস্কুলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মাইলাফ্রু মগ, দক্ষিণ জেলার পুলিশ অধীক্ষক মৌর্য কৃষ্ণ চন্দ্র শেখর। দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ জোতির্ময় দাস জানান, এই ধরনের সচেতনতামূলক কর্মসূচী ভবিষ্যতে জেলার বিভিন্ন বিদ্যালয়, কলেজ ও গ্রামীণ এলাকায় আয়োজন করা হবে।

Second Division :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ত্রিপুরা পুলিশ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা পুলিশ ১-০ গোলে নবোদয় সংঘকে পরাজিত করেছে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎস্ব হয় বৃষ্টিপাতারের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৭ ডিগ্রি সেলসিয়াস।
